

সতেরো জেলার স্থগিত প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা ফের পেছাল

যুগান্তর রিপোর্ট

প্রথম ফাঁসের কারণে বাতিল করা ১৭ জেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা নেয়া হবে আগামী ২৮ মার্চ। ইতিপূর্বে ১৪ মার্চ এই পরীক্ষা নেয়ার কথা ছিল। কিন্তু ১৫ মার্চের উপজেলা নির্বাচনকে সামনে রেখে পরীক্ষাটি পেছানো হয়েছে।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বশীল সূত্র জানান, ১৫ মার্চ দেশের ৪২টি জেলার ৮৩ উপজেলায় নির্বাচন রয়েছে। যে ১৭টি জেলায় নিয়োগ পরীক্ষা নেয়ার কথা, তার অধিকাংশই নির্বাচন রয়েছে। আর নির্বাচন প্রক্রিয়া অনুযায়ী আগের দিনই ভোট কেন্দ্র হিসেবে ব্যবহৃত শিক্ষা প্রতিষ্ঠানগুলো নির্বাচন কমিশনের অধীনে চলে যায়। এই মন্ত্রণালয় প্রাথমিক শিক্ষা অধিদফতরকে (ডিপিই) পরীক্ষা পেছানোর নির্দেশনা দেয়।

সে অনুযায়ী সোমবার পরীক্ষার তারিখ পরিবর্তন করা হয়। মন্ত্রণালয়ের তথ্য ও জনসংযোগ কর্মকর্তা রুবীজনাথ রায় জানান, নয়া সিজাত্ত অনুযায়ী ২৮ মার্চ সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত এই পরীক্ষা চলবে। আগের প্রবেশপত্র দিয়েই পরীক্ষায় অংশ নেয়া যাবে।

এসএমএসের মাধ্যমে প্রার্থীদের পরীক্ষা সংক্রান্ত তথ্য জানানো হবে বলেও জানান তিনি।